# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ নবম বিষয় ঃ ইসলামের ইতিহাস(বহুনির্বাচনী)**

**সময় ঃ ৩০ মিনিট পূর্ণমান ঃ ৩০**

[সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোন দাগ দেওয়া যাবে না]

১। বিশ্বের সর্বপ্রথম মসজিদ কোথায় স্থাপন করা হয়?
ক) মদিনায় খ) মক্কায় গ) হেজাজে ঘ) তায়েফে

২। মক্কা থেকে হিজারতকারী মুসলমানদের মহানবী (সা:) কী হিসেবে অভিহিত করেন?
ক) আনসার খ) মুশরিক গ) মুহাজিরিন ঘ) ইয়াসরিব

৩। মদিনায় মহাম্মদ (সা:) এ আগমনের ফলে মদিনাবাসী-
i) সাক্ষ্য ও ভ্রাতৃত্বের আদর্শে উদ্বুদ্ধ হয়
ii) বিভিন্ন গোত্রে পরস্পর কলহে লিপ্ত হয়
iii) ইহুদীদের সাথে সমঝোতায় উপনীত হয়
নিচের কোন্‌টি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪। যুদ্ধ বিধ্বস্ত মদিনা নগরীর পূর্নগঠনে মহানবী (সা:) কতৃর্ক প্রণীত মদিনা সনদ কী প্রতিষ্ঠায় বিশেষ ভূমিকা রাখে?
ক) আইনের শাসন
খ) সম্প্রীতি ও ভ্রাতৃত্ব
গ) অমুসলিমদের অধিকতর সুযোগ সুবিধা
ঘ) মহানবীকে সর্বশ্রেষ্ট মহাপুরুষের রুপে

৫। কোন যুদ্ধে মহানবী (সা.) এর নিহত হওয়ার গুজব ছড়িয়ে পড়ে?
ক) বদর খ) ওহুদ গ) খন্দক ঘ) তাবুক

৬। মদিনার সনদে কতটি ধারা ছিল?
ক) ৫২ খ) ৫৩ গ) ৫৪ ঘ) ৫৫

৭। বদর শব্দটি কোরআন শরীফের কোন সূরায় রয়েছে?
ক) সূরা বাকারা খ) সূরা আলে ইমরান
গ) সূরা নিসা ঘ) সূরা- মায়েদা

৮। কোন সাহাবীর চেহারা সাথে নবীর চেহারা সাদৃশ্য ছিল-
ক) আবু বকর (রা:) খ) উমর (রা):
গ) ওসমান (রা:) ঘ) মুসা আব (রা:)

৯। সর্ব প্রথম কতজন মুসলিম আবিসিনিয়ায় হিজরত করেন?
ক) ১১ খ) ১২ গ) ১৩ ঘ) ১৪

১০। মুহাজিরিন অর্থ কী?
ক) সাহায্যকারী গণ খ) হিজরতকারী গণ
গ) শাফায়াত কারীগণ ঘ) হিসেবেকারী গণ

১১। কিতাবুর রাসূল বা মহিফতুর রাসুল এর প্রচলিত ধারণা হলো-
ক) মদিনার সনদ খ) রাসূল (সা:) এর কিতাব
গ) রাসূল (সা:) জীবন কথা ঘ) ইসলামে ও রাসূল (সা:) এর ইতিহাস

১২। মদিনায় বসবাসরত ইহুদীগণ তিনটি শখোয় বিভক্ত ছিল। নিচের কোন শাখাটি ইহুদী নয়?
ক) বনু কাইনুফা খ) বনু নথির গ) বনু ববার ঘ) বনু কুরায়থা

১৩। হযরত আমির হামাজা (রা:) কোন যুদ্ধে শহীদ হন?
ক) উহুদ খ) খন্দফ গ) মুতা ঘ) তাবুফ

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:
রোমানা সালাম সাহেবের বাসায় কাজ করে। সামান্য ভুল ক্রটি হলেই তাকে বাসার সকলে বকাঝকা করে। খাওয়া দাওয়ার ক্ষেত্রে ও সেয়েটিকে নিম্ন মানের খাবার দেওয়া হয়। সালাম সাহেব এ ক্ষেত্রে কোনো ভূমিকা পালন করে না।

১৪। সালাম সাহেবের ভূমিকা মহানবী (সা:) এর কোন আদের্শের পরিপন্থী?
ক) হিলফুল ফুযুল খ) আকাবা শপথ
গ) মদিনা সনদ ঘ) বিদায় হজ্জের ভাষণ

১৫। মহানবী (সা:) এর উক্ত আদর্শ বাস্তবায়ন হলে রোমানার মত মেয়েদের কী নিশ্চিত হবে?
i) নিরাপত্তা ii) অধিকার iii) কর্তব্য
নিচের কোন্‌টি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬। গাজওয়া শব্দের অর্থ কী?
ক) সংগ্রাম খ) সন্ত্রাস গ) যুদ্ধ ঘ) গোলযোগ

১৭। কোন সূরার আয়াত নাজিলের মাধ্যমে কুরআন নাযিল সমাপ্ত হয়?
ক) সূরা বদর খ) সূরায় আলাক গ) সূরা মায়িদা ঘ) সূরা ফিল

১৮। কোন যুদ্ধকে আহযাবের যুদ্ধ বলা হয়?

ক) উহুদ খ) খন্দক গ) তাবুক ঘ) মুতা

১৯। Battle of Confederates কুরাইশরা কত সপ্তাহে মদিনা অবরোধ করে রাখে?

ক) এক খ) দুই গ) তিন ঘ) চার

২১। বিনাযুদ্ধে বিরে মাউনায় কতজন মুসলামনকে হত্যা করা হয়?

ক) ৪৭ খ) ৫৭ গ) ৬৭ ঘ) ৭৭

২১। কোন যুদ্ধে আল কামুস দুর্গ মুসলমানদের হস্তগত হয়?

ক) বদর খ) খায়বার গ) মুতা ঘ) হুনাইন

২২। ইদায়বিয়ার সন্ধি চুক্তি লেখকের দায়িত্ব পালন করেন কোন সাহাবী?

ক) হযরত আলী (রাঃ) খ) হযরত ওসমান (রাঃ)

গ) হযরত আবু উবায়দা (রাঃ) ঘ) হযরত আমর বিন আস (রাঃ)

২৩। খায়বার যুদ্ধে বীরত্বের জন্য হযরত আলী (রাঃ) কে কোন তরবারি প্রদান করা হয়?

ক) জুলফিকার খ) হায়দার গ) আসাদুল্লাহ ঘ) সাইফুল্লাহ

২৪। হুদায়বিয়া থেকে মক্কা বিজয় পর্যন্ত মুসলামানগণ কতটি যুদ্ধে অভিযান পরিচালনা করেন?

ক) ১৩ খ) ১৭ গ) ২১ ঘ) ২৮

২৫। বিদয়ে হজ্জে মহানবী (সাঃ) নিজের তরফ থেকে কতটি উট কোরবানী করেন?

ক) ২৭ খ) ৩৭ গ) ৬৩ ঘ) ১০০

২৬। হযরত মুহাম্মদ এর দত্তক পুত্র কে ছিলেন?

ক) হারিস বিন উমাইয়া(রাঃ) খ) যায়েদ বিন হারেয়া (রাঃ)

গ) জাফর ইবনে আবু তালিব (রাঃ) ঘ) যায়েদ বিন ছাবিত (রাঃ)

২৭। মহানবী (সাঃ) এর আহ্বানে সর্বপ্রথম কোনব্যক্তি সাড়া দিলেন?

ক) হযরত আবু বকর (রাঃ) খ) হযরত যায়েদ (রাঃ)

গ) হযরত আলী (রাঃ) ঘ) হযরত খাদিজা (রাঃ)

২৮। জ্ঞান অর্জনকে বাধ্যতামূলক করা রাসূল (সাঃ) এর কোন সংস্কারের অংশ?

ক) সামাজিক খ) রাজনৈতিক গ) ধর্মীয় ঘ) সাংস্কৃতিক

২৯। মুতা যুদ্ধে সেনাপতিদের অন্তর্ভূক্ত ছিলেন-

i) যায়েদ বিন হারেস ii) জাফর ইবনে আব্বাস

iii) আব্দুল্লাহ ইবনে রাওয়াহা (রাঃ)

নিচের কোন্‌টি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০। বিদায় হজ্জের ভাষণ কী শিক্ষা দেয়?

ক) মক্কার নিরাপত্তা নিশ্চিত করতে খ) বৈষম্যমূলক সমাজ গড়তে

গ) কোরবান হাদিস অনুযায়ী চলতে ঘ) সকল ধর্মের ঐক্য স্থাপন করতে

# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ নবম** **বিষয় ঃ ইসলামের ইতিহাস (সৃজনশীল)**

**সময় ঃ ২:৩০ ঘণ্টা** **বিষয় কোড: ১০৯** **পূর্ণমান ঃ ৭০**

**যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাওঃ** **১০×৭=৭০**

১। হযরত মুহাম্মদ (সা:) ছিলেন যুগান্তকারী সমাজ সংস্কারক। তিনি যুগ যুগ ধরে চলে আসা মানুষে মানুষে ভেদাভেদ বিলুপ্ত করে সাম্যের এক নতুন সমাজ প্রতিষ্ঠা করেন। তৎকালীন আরব জাহানে নিগৃহীত নারী জাতিকে তিনি পূর্ণ সামাজিক মর্যাদায় প্রতিষ্ঠিত করেন। ভোগের পরিবর্তে পুরুষের অর্ধাঙ্গিনি ও জীবন সঙ্গীনিরূপে মর্যাদা পায় নারী।

ক) 'মায়ের পদতলে সন্তানের বেহেশত'- এ বাণীটি কার? ১

খ) সাম্য প্রতিষ্ঠার ব্যাপারে হযরত মুহাম্মদ (সা:) এর হাদিসটি সংক্ষেপে ব্যাখ্যা কর। ২

গ) হযরত মুহাম্মদ (সা:) কে যুগান্তকারী সমাজ সংস্কারক বলা হয় কেন? ৩

ঘ) 'ভোগের পরিবর্তে অর্ধাঙ্গিনী ও জীবন সঙ্গীনীরূপে মর্যাদা পায় নারী' উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২। হাসনাবাদ বাজার কমিটি বাজারের নিরাপত্তার জন্য ৫ জন প্রহরী নিয়োগ দেন। বিশ্বকাপ ক্রিকেট খেলা শুরু হলে তাদের কয়েক জন বন্ধু তাদেরকে বাজারের পার্শ্ববর্তী ক্লাবে টিভিতে খেলা দেখার জন্য ডাকে। খেলা দেখার আগ্রহ থাকলেও বাজারের নিরাপত্তা ও দায়িত্বের কথা চিন্তা করে তারা খেলা দেখা থেকে বিরত থাকে এবং নিজেদের দায়িত্ব যথাযথ ভাবে পালন করে।

ক) কত হিজরীতে মহানবী (সা:) এর হিজরত সংঘটিত হয়? ১

খ) খন্দকার যুদ্ধকে আহযাবের যুদ্ধ বলা হয় কেন? ২

গ) উদ্দীপকে বর্ণিত ঘটনাটি মহানবী (সা:) এর কোন নির্দেশ অমান্যের ব্যতিক্রম? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'যথাযথ দায়িত্ব পালনের মাধ্যমেই কাঙ্ক্ষিত সফলতা অর্জন সম্ভব' পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। পবিত্র রমজান মাসকে সামনে রেখে নুরনগর বাজারে ব্যবসায়ীবৃন্দ অধিক মুনাফা প্রাপ্তির আশায় নিত্য ব্যবহার্য পণ্য সামগ্রীর মজুদ গড়ে তুলে বাজারে কৃত্রিম সংকট তৈরি করেন। বিষয়টি জানতে পেরে বাজার কমিটির সভাপতি স্থানীয় চেয়ারম্যানের সহায়তায় মজুদদারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিলে পরিস্থিতি স্বাভাবিক হয়।

ক) 'রাহমাতুল্লিল আলামিন' অর্থ কী? ১

খ) মুলতবী ওমরাহ বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে হযরত মুহাম্মদ (সা:) এর কোন সংস্কারের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) হযরত মুহাম্মদ (সা:) এর এ ধরনের কার্যক্রমের ফলেই তৎকালীন আরবের মানুষ বিপর্যয় থেকে ফিরে আসতে পেরেছিল। মূল্যায়ন কর। ৪

৪। তালতলা ইউপি চেয়ারম্যান মজিবর সমাজ সেবী আঃ রহমান সাহেবের কাজে ঈর্ষান্বিত হয়ে তাঁর প্রতি নির্যাতন চালান। নির্যাতনে অতিষ্ট হয়ে রহমান সাহেব শহরে চলে যান। কিছুদিন পর চেয়ারমানের ওয়াজ মাহফিলে অংশ গ্রহন করে পরদিন ফিরে যান। এলাকাবাসী রহমান সাহেবের সেবামূলক কাজে উদ্বুদ্ধ হয়ে পরবর্তীতে তাকে চেয়ারম্যান নির্বাচিত করেন। পরাজিত মজিবর তার ভুল স্বীকার করায় নতুন চেয়ারম্যান সকলকে ক্ষমা করে এলাকার দায়িত্ব গ্রহণ করেন।

ক) কোন যুদ্ধে হযরত সায়েদ বিন হারেস (রা:) শহীদ হন? ১

খ) বদর যুদ্ধের প্রত্যক্ষ কারণ ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে উল্লিখিত সমঝোতা মহানবী (সা:) এর কোন ঘটনার সাথে সাদৃশ্য পূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ) রহমান সাহেবের ক্ষমা যেন মহানবী (সা:) এর আদর্শের বাস্তবায়ন তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

৫। রফিক ও কামাল একত্রে ব্যবসা করে। ব্যবসার যাবতীয় লাভ দুজনে সমান ভাগ নেন এবং রফিক তার টাকা কামালের কাছে গচ্ছিত রাখে। মায়ের চিকিৎসায় টাকা প্রয়োজন পড়ায় রফিক কামালের কাছে টাকাটা চায়। কামাল তার প্রাপ্য টাকা গুনে গুনে ফেরত দেয়। হঠাৎ কামালের বাসায় ডাকাত দল আক্রমণ করে। কামাল ডাকাতের হাত থেকে অর্থ বাচানোর জন্য রফিকের নিকট রেখে আসে। পরে ফেরত চাইলে রফিক অর্থ রাখার কথা অস্বীকার করে।

ক) মহানবী (সা:) এর জীবনের সর্বশেষ যুদ্ধ কোনটি? ১

খ) মক্কা বিজয়ের প্রত্যক্ষ কারণটি ব্যাখ্যা কর। ২

গ) কামালের চরিত্রে মহানবী (সা:) এর কোন শিক্ষার প্রভাব লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) রফিকের চারিত্রিক বৈশিষ্ট্যের পরিবর্তনে রাসূল (সা:) বিদায় হজের ভাষণের কোন আদর্শ ভূমিকা রাখতে পারবে বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

৬। জাহিদ, শাহরিয়ার ও শাকিল তিন বন্ধু বাংলাদেশের রাজনৈতিক দলগুলো সম্পর্কে আলোচনা করছিল। শাকিল বলল, বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে পারস্পারিক সম্প্রীতি ও সমঝোতার কোনো পরিবেশ নেই। আছে কেবল দলাদলি ও হানাহানি। জাহিদ বলল, দলগুলোর অভ্যন্তরে দলীয় কোন্দল কলহ বিরাজমান।

শাহরিয়ার বলল, এহেন পরিস্থিতিতে বৃহৎ দলগুলোর সমঝোতার ভিত্তিতে মদিনা সনদের অনুকরণে দেশের ঐক্য ও সংহতির লক্ষ্যে একটি সর্বজনীন সনদ গৃহীত হওয়া অপরিহার্য।

ক) মহানবী (সা:) এর হিজরত কত খ্রীষ্টাব্দে অনুষ্ঠিত হয়? ১

খ) মহানবী (সা:) এর হিজরতের প্রাক্কালে মদিনার অবস্থা কেমন ছিল? ২

গ) মহানবী (সা:) হিজরত পূর্ববর্তী মদিনার অবস্থার সাথে বাংলাদেশের বর্তমান প্রেক্ষিত তুলনা কর। ৩

ঘ) "মদিনা সনদ ইসলামী রাষ্ট্র বিনির্মানে যুগান্তকারী সাফল্য বয়ে আনে" বিশ্লেষণ কর। ৪

৭। মাজহার সাহেব একজন নবনির্বাচিত সংসদ সদস্য। এলাকার ভূমিহীন লোকদের আশ্রয়দানে একটি গুচ্ছ গ্রাম তৈরি করে দিলেন। এলাকার সন্ত্রাসীরা ও মাজহার সাহেবের বিরোধী গ্রুপ একত্রিত হয়ে ভূমিহীনদের নিয়ে এম.পি সাহেব সন্ত্রাসী গ্রুপকে তাড়িয়ে ভূমিহীনদের প্রতিষ্ঠিত করার চেষ্টা করলে উভয় পক্ষে তুমুল সংঘর্ষ বাঁধে। এক পর্যায়ে সন্ত্রাসীদের দলনেতাসহ অনেক নিহত হয়। বাকিরা পলায়ন করে। এ অবস্থায় মাওলানা জসীম সাহেব বললেন সৎ পথে সংখ্যা কম হলেও আল্লাহর সাহায্যে বড় ধরণের সফলতা আসবে।

ক) বদর যুদ্ধে কাফিরদের দলনেতা কে ছিল? ১

খ) বদর যুদ্ধে বিজয়ের ফলে মুসলমান জাতির প্রতি কী প্রভাব পড়েছে? ব্যাখ্যা কর। ২

গ) উল্লেখিত ঘটনাটি ইতিহাসের কোন ঘটনার সাথে মিল রাখে? বর্ণনা কর। ৩

ঘ) মাওলানা জসিম সাহেবের মন্তব্যের যথার্থতা বদর যুদ্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। যুবায়ের ও জুয়েল দু'বন্ধু। তারা জুমার নামাজ আদায়ের উদ্দেশ্যে মসজিদে গিয়েছে, খতিব সাহেব খোতবা পূর্ব আলোচনা শুরু করলেন এভাবে নামাজ মানুষকে নেতার আদেশ মানা ও শৃঙ্খলাবোধ শিক্ষা দেয়। ইমামের অনুসরনে মুক্তাদিরা যখন নামাজের বিভিন্ন নিয়ম ঐক্যবদ্ধ ভাবে আদায় করে, তখন নেতার আনুগত্য ও শৃঙ্খলাবোধের এক ফাল্গু ধারা তৈরি হয়। নেতার আদেশ অমান্য ও শৃঙ্খলার অভাবেই উহুদ যুদ্ধে মুসলমানদের বিপর্যস্ত হতে হয়েছে।

ক) উহুদ যুদ্ধ কখন হয়েছিল? ১

খ) পবিত্র কুরআনে হুদায়বিয়ার সন্ধিকে 'ফাতহুম মুবীন' বলা হয়েছে কেন? ২

গ) উহুদ যুদ্ধে মুসলমানদের বিপদগ্রস্থ হওয়ার কারণ চিহ্নিত কর। ৩

ঘ) উহুদ যুদ্ধের চুড়ান্ত ফলাফল তোমার নিজের ভাষায় মূল্যায়ন কর। ৪

৯। সৎ মায়ের সংসারে নানা জুলুম অত্যাচারের শিকার হয়ে জাফর শেষ পর্যন্ত বাড়ি থেকে বেরিয়ে গেল। অনেক কষ্টে সে জীবন গড়ে। পৈতৃক সম্পত্তি ও সৎ ভাইয়েরা ভোগ দখল করে। কয়েক বছর পরে তাঁর সমর্থিত লোকজন সহকারে এসে পৈতৃক বাড়িতে উঠে। ভাইয়েরা তাকে বাধা দিতে সাহস পেল না। সে তাদের সকলকে ক্ষমা করে দেয়।

ক) মক্কা বিজয়ের প্রত্যক্ষ কারণ কি ছিল? ১

খ) কিভাবে মক্কা বিজয়ের পেক্ষাপট সৃষ্টি হয়েছিল? ২

গ) উদ্দীপকের ঘটনাটি মহানবী (সা:) এর জীবনের একটি ঘটনার সাথে সামঞ্জশীল। উক্ত ঘটনা থেকে আমরা কী শিক্ষা করতে পারি? বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকের ঘটনাটি রাসূল (সা:) এর কোন বিজয়কে প্রতিপন্ন করে "উক্ত বিজয় ইসলামের ব্যাপক প্রসারকে ত্বরান্বিত করে" উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০। স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র গঠন ফিলিস্তিনবাসীর প্রাণের দাবি। ইসরাঈলরা তা জবর দখল করে তার একটি অংশে তারা ইসরাঈল রাষ্ট্র গঠন করে। অমুসলিম রাষ্ট্রগুলো আজো ফিলিস্তিন রাস্ট্রের স্বীকৃতি দিচ্ছে না। ফিলিস্তিন মুক্তিকামীদের সঙ্গে আন্তর্জাতিক বিভিন্ন সংগঠনের বৈঠক ও চুক্তি সম্পাদন ফিলিস্তিনরাষ্ট্রের পরোক্ষ স্বীকৃতি বলে রাজনৈতিক বিশেষজ্ঞ মহল মনে করেন।

ক) কত সালে মক্কা বিজয় হয়? ১

খ) খন্দক যুদ্ধের যুগান্তকারী ফলাফল কী হয়েছিল? ২

গ) উদ্দীপকে কোন চুক্তি সম্পাদনের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত চুক্তি মদিনার ইসলামী রাষ্ট্রকে কীভাবে স্বীকৃতি প্রদান করে? বিশ্লেষণ কর। ৪

১১। ফিলিস্তিনে ইসরাঈলের অন্যায় যুক্ত নিয়ে প্রশ্ন তুলেছিল রাসেল। ইতিহাস থেকেই জবাব দিয়েছিলেন তার বড় ভাই। এক পর্যায়ে তিনি বললেন, ইহুদীরা সব সময়ই মুসলমানদের শত্রু। মদিনা সনদের মধ্যে হযরত মুহাম্মদ (সা:) সকল ধর্মাবলম্বীর ন্যায্য অধিকার নিশ্চিত করলেও ইহুদীরা বরাবরই মদিনাবাসী ও মুসলমানদের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত ছিল। অন্য দিকে খ্রিষ্টান সম্প্রদায়ের সাথে মুসলমানদের সদ্ভাব বিদ্যমান ছিল। সৈয়দ আমীর আলী বলেন, খ্রিষ্টানদের প্রতি হযরত মুহাম্মদ (সা:) যে উদারতা মহানুভবতা ও সহৃদয়তার পরিচয় এ সনদে প্রদান করেন, তা অসাধারণ সহিষ্ণুতার অত্যৎকৃষ্ট কীর্তি স্তম্ভ স্বরূপ।

ক) কারা মদিনাবাসী ও মুসলমানদের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত ছিল? ১

খ) কিসের মাধ্যমে রাসূল (সা:) সকলের অধিকার নিশ্চিত করেন? ২

গ) আলোচ্য উদ্দীপকের শিক্ষনীয় বিষয়গুলো উল্লেখ কর। ৩

ঘ) উদ্দীপকের আলোকে মদিনার ইহুদীদের ষড়যন্ত্রের নিরপেক্ষ বিশ্লেষণ কর। ৪